

সংস্থা কেনার দিকে নজর জিন্দলদের

নিজস্ব সংবাদদাতা

ইস্পাত শিল্পে মন্দা সত্ত্বেও বাজার বাড়াতে অধিগ্রহণের পথে হটিতে চায় জিন্দল গোষ্ঠী। ভূষণ স্টিল ও এসার স্টিলের মধ্যে যে-কোনও একটি সংস্থা কিনতে আগ্রহী সঞ্জন জিন্দল পরিচালিত জেএসডব্লিউ স্টিল। এ ছাড়াও মনেট ইস্পাত অ্যান্ড এনার্জি কেনার জন্য মুখিয়ে রয়েছে সংস্থা।

বুধবার কলকাতায় এ কথা জানান সঞ্জনের ছেলে পার্থ জিন্দল। তবে ভূষণ স্টিল ও এসার স্টিলের মধ্যে বেছে নিতে হলে ভূষণের দিকেই পাল্লা ভারী, এমনটাই দাবি করেন পার্থবাবু। তিনি বলেন, "ভৌগোলিক কারণেই ভূষণ স্টিলের প্রতি আগ্রহ বেশি।"

ইস্পাতের পাশাপাশি সিমেন্ট ব্যবসারও সম্প্রসারণ করছে জিন্দল গোষ্ঠী। জেএসডব্লিউ সিমেন্টের এমডি পার্থবাবু জানান, ২০২০ সালে ৫ কোটি টন সিমেন্ট উৎপাদন করার লক্ষ্যমাত্রা রেখেছে সংস্থা। এখনও পর্যন্ত লরি ১৮৫০ কোটি টাকা। এর মধ্যে পশ্চিমবঙ্গের শালবনিতে ৮০০ কোটি টাকা লরি করছে সংস্থা। শালবনিতে প্রথম পর্যায়ে ২৪ লক্ষ টন সিমেন্ট উৎপাদন করা হচ্ছে। ২০১৯ সালের মধ্যে দ্বিতীয় দফার উৎপাদন শুরু হবে বলে দাবি সংস্থার। সব মিলিয়ে উৎপাদন দাঁড়াবে ৪৮ লক্ষ টন। পাশাপাশি সিমেন্ট ফেব্রিক ও অধিগ্রহণের কৌশল নিয়েছে সংস্থা। পার্থবাবু জানান, মূলত চূনাপাথরের সম্ভার যে-সব সংস্থার রয়েছে, সে দিকেই নজর তাঁদের। রউরকেলার শিব সিমেন্ট কেনার মূলেও রয়েছে ওই সংস্থার চূনাপাথরের ভাঁড়ার।